

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম অধিদপ্তর
৪নং রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।
www.dol.gov.bd


নং- ৪০.০২.০০০০.০৩৪.৫০.০০৬.২০১৮-১৬৮

তারিখঃ ০২/০৪/২০১৮ খ্রি:

বিষয়ঃ- এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড -এ যৌথ দরকষাকষি প্রতিনিধি (সিবিএ) নির্ধারণী নির্বাচন অনুষ্ঠান।

বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এর বিধান মোতাবেক এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড - এ আগামী ১১ এপ্রিল, ২০১৮ খ্রিঃ (২৮ চৈত্র, ১৪২৪ বঙ্গাব্দ) তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতি ছাড়া অব্যাহতভাবে গোপন ব্যালটের মাধ্যমে সি.বি.এ.নির্ধারণী নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে ০৫ (পাঁচ) টি ভোট গ্রহণ কেন্দ্র (ঢাকা কেন্দ্রে ০৩ টি পোলিং বুথ) স্থাপন করা হবে। প্রতিষ্ঠানের ০২ (দুই) টি রেজিস্টার্ড ট্রেড ইউনিয়ন এই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবে এবং ২২১০ (দুই হাজার দুইশত দশ) জন ভোটার ভোট দানে অংশগ্রহণ করবেন। সুষ্ঠু নির্বাচনের স্বার্থে ভোট কেন্দ্রের সার্বিক শান্তি-শৃঙ্খলা ও নিরাপত্তা বজায় রাখার জন্য প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স নিয়োগের আবশ্যিকতা রয়েছে।

অতএব, উল্লিখিত তারিখে সংশ্লিষ্ট এলাকার ভোট গ্রহণ কেন্দ্রে পর্যাপ্ত সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের মাধ্যমে সার্বিক শান্তি-শৃঙ্খলা ও নিরাপত্তা বজায় রাখার নিমিত্তে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে (ভোট কেন্দ্রের তালিকা সংযুক্ত)।



মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন নং-৯৫৫৫৫৩৭

director_deptoflab@yahoo.com


সংযুক্ত : ০৫ টি ভোটকেন্দ্রের তালিকা।

তারিখঃ ০২/০৪/২০১৮ খ্রি:

নং- ৪০.০২.০০০০.০৩৪.৫০.০০৬.২০১৮-১৬৮(৬০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ-

- ১। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট ডিভিশন, ঢাকা-মহামান্য আদালতের সদয় জ্ঞাতার্থে।
- ৩-৫। বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা/রাজশাহী।
- ৬-৮। পুলিশ কমিশনার, ঢাকা/খুলনা/রাজশাহী।
- ৯-১১। ডি,আইজি অব পুলিশ, ঢাকা/খুলনা/রাজশাহী।
- ১২-২১। জেলা প্রশাসক/পুলিশ সুপার, ঢাকা/খুলনা/বগুড়া/টাঙ্গাইল/গোপালগঞ্জ।
- ২২। ব্যবস্থাপনা পরিচালক, এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড, ৩৯৫-৩৯৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
- ২৩-২৪। পরিচালক,(প্রশাসন, হিসাব ও সাধারণ)/(পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্যপ্রযুক্তি) শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২৫-২৮। পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা/খুলনা/রাজশাহী/আইআরআই, টঙ্গী, গাজীপুর।
- ২৯-৩২। উপ পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর, বরিশাল/বগুড়া/রংপুর/ময়মনসিংহ।
- ৩৩-৪৩। কেন্দ্র।
- ৪৪-৫৭। জনাবপ্রিজাইডিং অফিসার/পোলিং অফিসার।
- ৫৮। সভাপতি ও সাধারণ সম্পাদক, এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিঃ শ্রমিক কর্মচারী ঐক্য পরিষদ, (রেজি নংঃ বি-২১৩৭)
- ৫৯। সভাপতি ও সাধারণ সম্পাদক, এসেনসিয়াল ড্রাগস কোম্পানি লিমিটেড শ্রমিক কর্মচারী লীগ, (রেজিঃ নংঃ বি- ২১৮৯)
- ৬০। অফিস নথি।



সহকারী পরিচালক

(ট্রেড ইউনিয়ন)

ফোনঃ ৯৫৫৫৫৪৩